

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রশাসন শাখা
শিক্ষা ভবন (২য়ল্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

নং-৩৭.০৭.০০০০.০০১.১৬.০০১.২৩-৬১০/১(১০০)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: টেকসই উন্নয়নের লক্ষ্যে বৃক্ষরোপণ এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে নবায়নযোগ্য শক্তির ব্যবহার প্রসঙ্গে।

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের একটি অন্যতম অঙ্গীকার হলো "ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি" বাস্তবায়ন। উক্ত কর্মসূচীর আওতায় বাংলাদেশের প্রতিটি শিশুকে প্রতিবছর বৃক্ষরোপণ কর্মসূচিতে সম্পৃক্ত করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। উক্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সমগ্র বাংলাদেশের চলমান নির্মাণ কাজের সাথে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করে প্রতিটি নির্মাণ সাইটে কমপক্ষে ২৫টি করে বৃক্ষরোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০২। একইসাথে, পরিবেশের সুরক্ষা এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে নবায়নযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে অত্র দপ্তরের সকল প্রকল্প ও কর্মসূচীভুক্ত কাজে চাহিদা অনুযায়ী প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে নেট মিটারিং সিস্টেমসহ অনগ্রিড সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

০৩। পাশাপাশি, বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ে প্রাকৃতিক আলো ও বাতাসের সর্বোচ্চ ব্যবহারের লক্ষ্যে উন্মুক্ত জানালা (Double Opening Window) ও দরজা সকল নির্মাণ কাজে ব্যবহার করতে হবে।

০৪। এছাড়াও, স্থানীয় পর্যায়ে বৃক্ষ নিধন রোধ, টেকসই উন্নয়ন ও সবুজায়নের মাধ্যমে পরিবেশ সুরক্ষার জন্য স্থানীয় গাছের পরিবর্তে দেশীয় বিভিন্ন উৎপাদনকারী সংস্থা হতে সংযুক্ত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান সমূহে কেমিক্যালি ট্রিটেড দরজা/টোকাঠ/আসবাবপত্র সরকারি বিধিবিধান ও প্রকল্প দলিলে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী আপনার আওতাধীন সার্কেল/জেলার সকল নির্মাণ কাজে অন্তর্ভুক্ত ও বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

(মোঃ তারেক হোসেন চৌধুরী)
প্রধান প্রকৌশল (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫৩৫১৫
ই-মেইল: ce@eedmoe.gov.bd

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর.....সার্কেল
নির্বাহী প্রকৌশলী,
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর.....জেলা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, ম্যাক্রোমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. প্রকল্প পরিচালক, (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৫. পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১,২,৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৭. নির্বাহী প্রকৌশলী, ডেক্স-১,২,৩,৪,৫/ডিজাইন-১,২/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৮. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা ১/২, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১০. উর্ধ্বতন স্থপতি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১১. সিস্টেম এনালিস্ট, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১২. প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, শিক্ষা ভবন, ঢাকা;
১৩. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, শিক্ষা ভবন, ঢাকা; এবং
১৪. অফিস কপি।